

PUBLICATION	: Prattohik Khabor	DATE	: 23.09.2010
EDITION	: Kolkata	PAGE	: 05

Headline: New Hotel by Zuri in Sikkim

সংস্থা সংবাদ

**সিকিমে জুরির
নতুন হোটেল**

স্টাফ রিপোর্টার: পূর্ব ভারতের সিকিমে এবার পা রাখতে চলেছে জুরি হোটেলস অ্যান্ড রিসর্টস। কেনিয়া, গ্রেট ব্রিটেন এবং ভারতের বিভিন্ন প্রান্তে লাগ্জারি হোটেল এবং রিসর্টের জাল বিস্তারের পর এবার ১ অক্টোবর, ২০১০-এ শুরু হচ্ছে প্যারাগ্লাইডিং, রিভার রাফটিং, খেলাধুলার জয়গা, রিভার ক্যামপিং, জঙ্গলে ঘুরে বেড়ানো, গ্রামের মনোরম পরিবেশের অমোঘ হাতছানির সঙ্গে অত্যাধুনিক সুবিধাযুক্ত আন্তর্জাতিক মানের রিসর্ট তৈরির কাজ। 'দ্য রিট্রিট বাই জুরি, বাইগুনি, সিকিম'-এ থাকবে সিগনেচার স্পা ব্র্যান্ড 'মায়্যা'। রিসর্টের সিঙ্গল, ডাবল রুম বা স্যুটের পড় মাপ হবে ২৫০ বর্গফুট। এছাড়াও থাকবে কটেজ। উত্তর-পূর্ব ভারতে রিসর্টের চাহিদা থাকবে বলেই মনে করেন জুরি গ্রুপ গ্লোবালের মানেজিং ডিরেক্টর বিবি কাম্বানি। জুরি লাগ্জারি কালেকশনের তিন ধরনের হোটেল এবং রিসর্ট খুলেছে, যা 'থ্যাটিনাম', 'লাইফস্টাইল' এবং 'কমফোর্ট' নামে পরিচিত। জুরির থ্যাটিনাম কালেকশন লাগ্জারিয়াস ডিয়ানি রিফ বিচ রিসর্ট অ্যান্ড স্পা আছে কেনিয়াতে। দেশের মধ্যে কেরালায় আছে 'দ্য জুরি কুমারাকম রিসর্ট অ্যান্ড স্পা'। এছাড়া লাইফস্টাইল কালেকশন 'দ্য জুরি হোয়াইটফিল্ড' আছে বেঙ্গালুরুতে, 'দ্য জুরি হোয়াইটন্যান্ডস রিসর্ট অ্যান্ড ক্যাসিনো, ভার্ক' আছে গোয়ায় এবং 'দ্য লাইনার' অবস্থিত ব্রিটেনে। কমফোর্ট কালেকশন আছে গোয়ায়, 'দ্য রিট্রিট বাই জুরি, বেনাউজিম' নামে। অপরটি খুলতে চলেছে সিকিমে।